# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন

# ২০২১-২০২২

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
www.dme.gov.bd

**প্রকাশকাল:**
অক্টোবর, ২০২২

**প্রকাশক:**
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়।


**প্রধান পৃষ্ঠপোষক:**
জনাব মোঃ কামাল হোসেন
সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

**সার্বিক তত্ত্বাবধানে:**
জনাব কে, এম, রুহুল আমীন,
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

**সম্পাদনায়:**
জনাব মো: জাকির হোসাইন,
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

**সম্পাদনা পরিষদ:**
জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাশিঅ
জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), মাশিঅ
জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাশিঅ

**সহযোগিতায়:**
জনাব মোঃ নয়ন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, মাশিঅ



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

"আমরা তাকাবো এমন এক পৃথিবীর দিকে, যেখানে বিজ্ঞান ও কারিগরি জ্ঞানের বিস্ময়কর অগ্রগতির যুগে মানুষের সৃষ্টি ক্ষমতা ও বিরাট সাফল্য আমাদের জন্য এক শঙ্কামুক্ত উন্নয়ন ভবিষ্যৎ গঠনে সক্ষম।"

---বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

**“শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, বিজ্ঞান ও প্রযুক্তিসহ সকল ক্ষেত্রেই সঠিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজন সৃজনশীল ও মেধাবী নেতৃত্ব।
প্রয়োজন সৃজনশীল মেধাবী মানুষ।”**

**--- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | মাদ্রাসা শিক্ষায় গৃহীত কার্যক্রম | ০৫ |
| ২. | কোভিডকালীন গৃহীত শিক্ষা কার্যক্রম | ০৫ |
| ৩. | মাদ্রাসা শিক্ষায় আইসিটি কার্যক্রম | ০৬ |
| ৪. | মাদ্রাসা শিক্ষায় বিদ্যমান চ্যালেঞ্জসমূহ | ০৭ |
| ৫. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে তথ্য প্রযুক্তির মাধ্যমে শিক্ষাদানের তথ্য | ০৮ |
| ৬. | মাদ্রাসায় পরিমার্জিত শিক্ষাক্রম | ০৯ |
| ৭. | বাজেট বরাদ্দ | ০৯ |
| ৮. | বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) | ১০ |
| ৯. | মাদ্রাসা শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি | ১১ |
| ১০. | ২০২০-২০২১ অর্থ বছরে এমপিও প্রদান সংক্রান্ত তথ্যাদি | ১২ |
| ১১. | এনরোলমেন্ট সংক্রান্ত তথ্য | ১৩ |
| ১২. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচি | ১৫ |
| ১৩. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রকল্পসমূহ: | ১৫ |
| ১৪. | অডিট: দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান | ১৫ |
| ১৫. | মামলা সংক্রান্ত তথ্য | ১৬ |
| ১৬. | আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন, সংশোধন/পরিমার্জন | ১৬ |
| ১৭. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ প্রণয়ন | ১৬ |
| ১৮. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট নিয়োগ বিধিমালা, ২০২১ প্রণয়ন | ১৬ |

## মাদ্রাসা শিক্ষায় গৃহীত কার্যক্রম:

মাদ্রাসা শিক্ষা কর্মমুখীকরণ ও মানোন্নয়ন, আধুনিক পাঠক্রম প্রস্তুত ও মাদ্রাসা প্রতিষ্ঠানে সুষ্ঠু তদারকি এবং প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার উদ্দেশ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়েছে। বর্তমানে সারা দেশে ৮,২২১ টি এমপিওভুক্ত মাদ্রাসা রয়েছে । মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে প্রথম থেকে আলিম শ্রেণি পর্যন্ত কোরআন, আকাইদ ও ফিকাহ ,আরবি ও হাদিস বিষয়ের শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। বিদ্যমান সাধারণ শিক্ষার সাথে সামঞ্জস্য রেখে মাদ্রাসা শিক্ষার জন্য মাধ্যমিক স্তর পর্যন্ত আরবি বিষয়সমুহ ব্যতীত সাধারণ আবশ্যিক এবং ঐচ্ছিক বিষয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুসৃত হচ্ছে। সকল বিষয়ের পাঠ্যপুস্তক এনসিটিবির মাধ্যমে মুদ্রণ ও বিতরণ করা হচ্ছে। তাছাড়া, ২০১৪ সাল থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত আরবি ও ইসলামি বিশ্ববিদ্যালয় বিষয়সমুহ ব্যতীত অন্যান্য বিষয়ে যেমন কৃষি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কর্ম ও জীবনমুখী শিক্ষাসহ প্রতিযোগিতামূলক, আধুনিক ও জীবনমুখী বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের কার্যক্রমেরএস্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরম পূরণের কার্যক্রম অনলাইনে সম্পাদিত হচ্ছে। মাদ্রাসার উন্নয়ন ও আধুনিকায়ন এবং মাদ্রাসা শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যমান ৬৫৩ টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প চলমান আছে। মাদ্রাসা উচ্চ শিক্ষাকে ত্বরান্বিত করার লক্ষ্যে ২০১৩ সালে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। ৪০৭টি মাদ্রাসায় ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে। এসইডিপি প্রকল্পের আওতায় ২০১৩ সালে ৩৫ মডেল মাদ্রাসা স্থাপন করা হয়েছে। ৭৭টি সিনিয়র মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। এছাড়া মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনা এবং প্রশাসনকেই দ্রুত, গতিশীল ও সময়োপযোগী করার লক্ষ্যে MEMIS (Madrasah Education Management Information System) সেল প্রতিষ্ঠা করা হয়েছে। ৫০৩ টি বেসরকারি মাদ্রাসা এমপিওভূক্ত করা হয়েছে। প্রায় তিন হাজার মাদ্রাসায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন সম্পন্ন হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসায় শিক্ষার্থী ভর্তিসহ পরীক্ষা গ্রহণের যাবতীয় কার্যক্রম তথ্য প্রযুক্তি ব্যবহার করে অনলাইনে স্বল্পতম সময়ে সম্পন্ন করা হচ্ছে। মাদ্রাসা শিক্ষকদের আরবি ও ইংরেজি ভাষায় শোনা ও বলার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স অত্যন্ত সফলতার সাথে বাস্তবায়ন করা হচ্ছে। এবতেদায়ী ১ম শ্রেণী থেকে দাখিল ১০ম শ্রেণী পর্যন্ত মাদ্রাসা শিক্ষার্থীদেরকে সরকার বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক ৩৬৪০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## কোভিডকালীন গৃহীত শিক্ষা কার্যক্রম:

মহামারী কোভিড-১৯ এর কারণে ১৭ মার্চ, ২০২০ তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম বন্ধ হয়ে যায়। ইউনিসেফ বাংলাদেশ-এর আর্থিক সহযোগীতায় এবং এটুআই-এর সরাসরি তত্ত্বাবধানে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সংসদ বাংলাদেশ টেলিভিশন-এ **‘আমার ঘরে আমার মাদ্রাসা’** শিরোনামে

অনলাইন ক্লাস সম্প্রচার শুরু করা হয়। কোভিড ১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীদের শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে অ্যাসাইনমেন্ট এর কাজ চলমান আছে। অনলাইনের মাধ্যমে মোট ৫৯৬টি ক্লাস পরিচালিত হয়েছে। সরকারি ০৩ (তিন)টি আলিয়া মাদ্রাসা তাদের নিজস্ব উদ্যোগে নিয়মিত অনলাইন ক্লাস পরিচালনা করছে। বেসরকারি মাদ্রাসাসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন ক্লাস ক্লাস পরিচালনা করছে।

## মাদ্রাসা শিক্ষায় আইসিটি কার্যক্রম:

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম একটি সুশিক্ষিত, আত্মপ্রত্যয়ী ও বিজ্ঞানমনস্ক জনগোষ্ঠী তৈরি করার লক্ষ্যে সরকার শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করে ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে। রূপকল্প ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে যুগোপযোগী ও কর্মমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের প্রথম পদক্ষেপ হিসেবে জাতীয় শিক্ষানীতি- ২০১০ প্রণীত হয়েছে। শিক্ষা ক্ষেত্রে তথ্য প্রযুক্তির সম্পৃক্ত করে একটি দক্ষ এবং যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ৩২২টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হয়েছে এবং আরও ৩৩১টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে।




মাসিক পে-অর্ডার (এমপিও) স্কিমের আওতায় আনা শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা গ্রহণ করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## মাদ্রাসা শিক্ষায় বিদ্যমান চ্যালেঞ্জসমূহ:

মাদ্রাসা শিক্ষা প্রচলিত শিক্ষা ব্যবস্থায় গুরুত্বপূর্ণ একটি ধারা। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় বিভিন্ন স্তর যেমন-এবতেদায়ী/প্রাথমিক সমমান, দাখিল/এসএসসি সমমান, আলিম/এইচএসসি সমমান, ফাজিল/স্নাতক সমমান ও কামিল/মাস্টার্স সমমান রয়েছে। বর্তমানে দেশে এমপিওভুক্ত ৮,২২১টি মাদ্রাসায় ১৬৩০০০ জন শিক্ষক-কর্মচারী ও প্রায় ৪৭ লক্ষ জন শিক্ষার্থী রয়েছে। মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করে তোলার লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে প্রতিটি সংসদীয় আসনে ৬টি করে মাদ্রাসায় বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে ''নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন'' শীর্ষক প্রকল্পের আওতায় ১৮০০টি মাদ্রাসায় বহুতল ভবন নির্মাণ করা হচ্ছে। ৩২২টি মাদ্রাসায় ল্যাপটপ, স্পিকার, স্মার্ট মাল্টিমিডিয়া ও ইন্টার-এ্যকটিভ প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। দেশের ৯৩৯৭টি মাদ্রাসায় নিজস্ব ওয়েবসাইট রয়েছে। ইসলামি বিশ্ববিদ্যালয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ৭৭টি মডেল মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। ২০২২ সালে সাধারণ শিক্ষা ধারায় ২৯ হাজার ৭শত ৮৩টি স্কুল ও মাদ্রাসায় ৬ষ্ঠ শ্রেণি হতে প্রাক-বৃত্তিমূলক কোর্স চালুর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, মাদ্রাসা শিক্ষার ৬ষ্ঠ শ্রেণির কুরআন মাজিদ, আকাইদ ও ফিকহ্, আরবি ১ম এবং আরবি ২য় পত্র-এ ৪টি বিষয়ের পাঠ্যপুস্তকের ইন্টারএ্যাক্টিভ ডিজিটাল ভার্সন Interactive Digital Madrasah Textbook (IDMT) উন্নয়ন করা হয়েছে।

যদিও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ মাদ্রাসা শিক্ষার গুণগত মান উন্নয়নে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে, তবুও মাদ্রাসা শিক্ষা-কে কর্মমুখী ও যুগোপযোগী করার ক্ষেত্রে নিম্নোক্ত চ্যালেঞ্জগুলো পরিলক্ষিত হয়:

- প্রচলিত মাদ্রাসা শিক্ষার পাঠ্যক্রমে বৃত্তিমূলক ট্রেড অন্তর্ভুক্ত না থাকায় তা কর্মমূখী নয় এবং শিক্ষকদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের অভাব;
- ভোকেশনাল ট্রেডসমূহ অন্তর্ভুক্তিকরণে কোন কোন প্রতিষ্ঠানের আগ্রহের অভাব ;
- অবকাঠামো, শিক্ষা সংশ্লিষ্ট উপকরণসহ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ শিক্ষক ও উপকরণ না থাকা;
- মাদ্রাসা শিক্ষার্থীদের আরবি ভাষা (কথন, পঠন, শ্রবণ, লিখন) দক্ষতার অভাব;

## মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে তথ্য প্রযুক্তির মাধ্যমে শিক্ষাদানের তথ্য:

মহামারী কোভিড-১৯ এর কারণে ১৭ মার্চ, ২০২০ তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম বন্ধ হয়ে যায়। ইউনিসেফ বাংলাদেশ-এর আর্থিক সহযোগীতায় এবং এটুআই-এর সরাসরি তত্ত্বাবধানে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সংসদ বাংলাদেশ টেলিভিশন-এ **'আমার ঘরে আমার মাদ্রাসা'** শিরোনামে অনলাইন ক্লাস সম্প্রচার শুরু করা হয়।

**১ম পর্যায়: এটুআই-এর সরাসরি তত্ত্বাবধানে :**

১। এপ্রিল মাসের ক্লাশ কার্যক্রম আরম্ভ হয়।
২। ১ম পর্যায়ে ৩২৪টি ক্লাস রেকর্ডিং এবং সংসদ বাংলাদেশ টেলিভিশন-এ সম্প্রচার হয়।
৩। রবিবার হতে বৃহস্পতিবার সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস।
৪। প্রতিটি ক্লাস ২০মিনিট করে মোট ০৩টি করে ক্লাস সম্প্রচারিত হয়।
৫। ক্লাসের সময় সন্ধা ৪:১৫ হতে ৫:১৫ পর্যন্ত (প্রতিদিন ১ ঘন্টা করে)

**২য় পর্যায়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর তত্ত্বাবধানে:**

মহামারী কোভিড-১৯ এর কারণে শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি পাঠদান কার্যক্রম বন্ধ আরও দীর্ঘায়িত হওয়ায় ইউনিসেফ বাংলাদেশ-এর আর্থিক সহযোগীতায় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে সংসদ বাংলাদেশ টেলিভিশন-এ **'আমার ঘরে আমার মাদ্রাসা'** শিরোনামে অনলাইন ক্লাস ২৪/০১/২০২১ পুনরায় শুরু করা হয়।

১। ২য় পর্যায়ের ২৭২টি ক্লাস রেকর্ডিং এবং সংসদ বাংলাদেশ টেলিভিশন-এ সম্প্রচার হয়।
২। রবিবার হতে বৃহস্পতিবার সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস।
৩। প্রতিটি ক্লাস ২০মিনিট করে মোট ০৩টি করে ক্লাস সম্প্রচারিত হয়।
৪। ক্লাসের সময় সন্ধ্যা ৬:১৫ হতে ৭:১৫ পর্যন্ত (প্রতিদিন ১ ঘন্টা করে)
৫। উক্ত ক্লাস কন্টেন্টগুলো হার্ডডিস্কে সংরক্ষণ করা আছে।
৬। বর্তমানে ইতোপূর্বে সম্প্রচারিত ক্লাসসমূহ ২১ জুন, ২০২১ হতে পুনঃসম্প্রচার (সন্ধ্যা ৬:১৫ হতে ৭:১৫ পর্যন্ত) হচ্ছে।
৭। ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত মোট ২০ (কুড়ি) জন শিক্ষক ক্লাস পরিচালনা করেছেন।

| ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি (চারটি [০৪] বিষয়) | ৯ম ও ১০ম শ্রেণি (পাঁচটি [০৫] | মোট ক্লাস সংখ্যা ৩২৪+২৭২টি |
|---|---|---|
| (০১) কুরআন মাজিদ ও তাজভিদ<br>(০২) আকাইদ ও ফিকহ<br>(০৩) আরবি ১ম পত্র<br>(০৪) আরবি ২য় পত্র | (০১) কুরআন মাজিদ ও তাজভিদ<br>(০২) হাদিস শরীফ<br>(০৩) আকাইদ ও ফিকহ<br>(০৪) আরবি ১ম পত্র<br>(০৫) আরবি ২য় পত্র | |
| **সর্বমোট বিষয়: ০৯টি** | | **সর্বমোট ক্লাস সংখ্যা= ৫৯৬টি** |

* সরকারি ০৩ (তিন)টি আলিয়া মাদ্রাসা তাদের নিজস্ব উদ্যোগে নিয়মিত অনলাইন ক্লাস পরিচালনা করছে।
** বেসরকারি মাদ্রাসাসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন ক্লাস ক্লাস পরিচালনা করছে।

## মাদ্রাসায় পরিমার্জিত শিক্ষাক্রম:

জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রনীত পরিমার্জিত শিক্ষাক্রম ষষ্ঠ ও সপ্ত শ্রেণিতে ২০২৩ সাল থেকে সারাদেশে প্রবর্তন করা হবে। NCF 2021 বাস্তবায়নের লক্ষ্যে সারাদেশের মোট ৬২টি শিক্ষা প্রতিষ্ঠানে জানুয়ারী ২০২২ থেকে পাইলটিং কার্যক্রম চলছে। ৬২টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে মাদ্রাসার সংখ্যা ০৯টি।

| NCF 2021 অনুসারে বিদ্যমান বিষয় সমূহ | NCF 2021 অনুসারে পরিমার্জিত বিষয় সমূহ |
|---|---|
| বাংলা, ইংরেজি, গণিত, ভৌত বিজ্ঞান/জীব বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ব্যবসায় শিক্ষা/কৃষি, শারীরিক শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান । | বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, ইতিহাস ও সামাজিক বিজ্ঞান, ডিজিটাল প্রযুক্তি, জীবন ও জীবিকা, স্বাস্থ্য ও সুরক্ষা, শিল্প ও সংস্কৃতি। |

- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর বিদ্যমান অর্গানোগ্রামে ৫০টি পদসহ নতুন ৬৮ পদের অনুমোদন অর্থ বিভাগ হতে পাওয়া গেছে;
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে বিভিন্ন গ্রেডে ১০ (দশ) জন (প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারি, ক্যাশিয়ার, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যক্তিগত সহকারী ও স্টোর কিপার) নিয়োগ প্রদান করা হয়েছে।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)- এ ০৩ (তিন) জন (কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী এবং ডাটা এন্ট্রি অপারেটর) নিয়োগ প্রদান করা হয়েছে।

## বাজেট বরাদ্দ ও ব্যয়

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিগত ৩(তিন) বছরের বাজেটে মোট বরাদ্দের চিত্র নিম্নরুপ:**

**(অংকসমূহ হাজার টাকায়)**

| অর্থ বছর | মোট বরাদ্দ | ব্যায়ের হার (%) |
|---|---|---|
| ২০২১-২০২২ (বাজেট) | ৬৮৪৩৮৪০০ | |
| ২০২১-২০২২ (সংশোধিত বাজেট) | ৬৬৩৬৪৬৫৩ | |
| ২০২২-২০২৩ (প্রস্তাবিত বাজেট) | ৭১৭০৮২০০ | |

## বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)

২০২০ সালে কয়েকটি প্রশিক্ষণ কোর্স অফলাইনে অনুষ্ঠিত হওয়ার পর করোনার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় তা বন্ধ হয়ে যায়। প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে পরবর্তীতে অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। অর্থবছর ২০২১-২০২২ মেয়াদে পরিচালিত **শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স**, **বিএমএড কোর্স**, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স **ও ভাষা শিক্ষা প্রশিক্ষণ** কোর্সসমূহে প্রশিক্ষণপ্রাপ্ত মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল **৩৬৪০** জন।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) এর মাধ্যমে মাদ্রাসার শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কোভিড-১৯ পরিস্থিতির মধ্যেও ২০২১-২০২২ অর্থবছরে অনলাইনে **৩৬৪০** জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

মধ্যপ্রাচ্যসহ অন্যান্য দেশসমূহে শ্রমবাজার সম্প্রসারণের লক্ষ্যকে বিবেচনায় নিয়ে মাদ্রাসা শিক্ষকদের আরবি ও ইংরেজি ভাষায় শোনা ও বলার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স অত্যন্ত সফলতার সাথে বাস্তবায়ন করা হচ্ছে।

BMTTI কর্তৃক বিভিন্ন স্তরের শিক্ষক প্রশিক্ষণ কোর্সে ৩০০৭ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৬৩৩জনকে শিক্ষা প্রশাসন ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) কর্তৃক কর্তৃক নিম্নোক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছেঃ

১. **আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স (অনলাইনভিত্তিক/সরাসরি)/ ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স** অনলাইন/সরাসরি)

কোভিড-১৯ পরিস্থিতিতে সারাদেশের মাদ্রাসা শিক্ষকগণের জন্য অনলাইনে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। শুধুমাত্র ভাষা না জানার কারণে আমাদের প্রবাসীগণ বেতন অনেকগুণ কম পান। এতে দেশ বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন থেকে বঞ্চিত হচ্ছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ গভীরভাবে অনুধাবন করে BMTTI এ এক মাসব্যাপী ভাষাশিক্ষা প্রশিক্ষণ কোর্স চালু করেছে। এটি মাদ্রাসা শিক্ষার ইতিহাসে একটি মাইলফলক। বিস্তর আলাপ-আলোচনা শেষে এর কোর্স-কারিকুলাম প্রস্তুত করা হয়েছে। বর্তমানে অত্যন্ত সফলতার সাথে কোর্স দুটি চলমান রয়েছে।

২. **বিষয়ভিত্তিক (আরবি, বাংলা, বিজ্ঞান, গণিত, ইংরেজি, আল-কোরআন, ইসলামের ইতিহাস) প্রশিক্ষণ কোর্স (অনলাইন/সরাসরি)**

বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে আরবি, ইংরেজি ও গণিত এই তিনটি বিষয়কে মূল বিষয় হিসেবে বিবেচনা করা হয়েছে। বিষয়ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হলে বর্ণিত তিনটি মূল বিষয়ের সাথে অবশিষ্ট বিষয়গুলোর (**বাংলা, রসায়ন, জীববিজ্ঞান, আল-কোরআন, সাধারণ বিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান**) যেকোনো একটি নিয়ে মোট চারটি বিষয়ের সমন্বয়ে একটি প্রশিক্ষণ ব্যাচ গঠন করা হয়।

৪. শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

ক. বিষয়ভিত্তিক (আরবি, বাংলা, বিজ্ঞান, গণিত, ইংরেজি, আল-কোরআন, ইসলামের ইতিহাস) প্রশিক্ষণ কোর্স - ৩০০৭ জন

খ. শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স - ৬৩৩ জন

# মাদ্রাসা শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি:


## মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান:

১৯৭১ সালে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রত্যক্ষ নির্দেশনায় মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী ও কর্মমুখী করার উদ্যোগ গৃহীত হয়।

বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার আলীয়া ধারার পাঁচ ধরণের মাদ্রাসা আছে। যেমন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, দাখিল মাদ্রাসা, আলিম মাদ্রাসা, ফাজিল মাদ্রাসা, কামিল মাদ্রাসা। এ সকল মাদ্রাসার শিক্ষক-কর্মচারী সংখ্যা নিম্নরূপ:

**(ক) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার তথ্য**


| মাদ্রাসার ধরন | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক/ কর্মচারীর সংখ্যা (জন) |
|---|---|---|
| অনুদানভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | ১৫১৯টি | ৪৫২৯ জন |
| অনুদানবিহীন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | ৫৪৭৮টি | ২১,৯১২ জন |




**(খ) এমপিওভুক্ত মাদ্রাসার তথ্য**


| মাদ্রাসার ধরন | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক/কর্মচারী সংখ্যা (জন) |
|---|---|---|
| দাখিল মাদ্রাসা | ৫৫৯৩ | ৯৪৬০৩ |
| আলিম মাদ্রাসা | ১১৯৮ | ২৭১৭৬ |
| ফাজিল মাদ্রাসা | ৯৯৭ | ২৬৮৩৫ |
| কামিল মাদ্রাসা | ১৬৭ | ৫৬২০ |
| মোট | ৭৯৫৫ | ১৫৪২৩৪ |




**(গ) নন-এমপিও ভুক্ত মাদ্রাসার তথ্য**

| মাদ্রাসার ধরন | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক/কর্মচারী সংখ্যা (জন) |
|---|---|---|
| দাখিল মাদ্রাসা | ৮৫৭ | ২১৫১৪ |
| আলিম মাদ্রাসা | ৩২৩ | ৪৫৩১ |
| ফাজিল মাদ্রাসা | ৯৪ | ৭৯৪৫ |
| কামিল মাদ্রাসা | ১২৪ | ১১৪০ |
| মোট | ১৩৬৫ | ৩৫১৩০ |










## ২০২১-২০২২ অর্থ বছরে এমপিও প্রদান সংক্রান্ত তথ্যাদি

**জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত এমপিওভুক্ত মাদ্রাসাসমূহে মাসিক এমপিও,** উৎসব ভাতাসহ সর্বমোট ৪১১৩ কোটি টাকা প্রদান করা হয়েছে। মাসভিত্তিক তথ্যাদি নিম্নরূপঃ

| মাসের নাম | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক-কর্মচারীর সংখ্যা (জন) | বেতন-ভাতা (হাজার টাকায়) | উৎসব ভাতা হাজার টাকায় |
|---|---|---|---|---|
| জুলাই ২০২১ | ৭৯৪৩ | ১৫৩২০০ | ৩২১৩২৬৮৯৪৬ | |
| আগষ্ট ২০২১ | ৭৯৪৫ | ১৫৩২৬৭ | ৩২২৬৫৫১৪১৭ | |
| সেপ্টেম্বর ২০২১ | ৭৯৪৫ | ১৫৩১৫৫ | ৩২১৭৮৮১১৮৪ | |
| অক্টোবর ২০২১ | ৭৯৪৬ | ১৫৩১২১ | ৩২১০১৫১০২৮ | |
| নভেম্বর ২০২১ | ৭৯৪৭ | ১৫৩২৪৯ | ৩২১৮৭৫৬২৪২ | |
| ডিসেম্বর ২০২১ | ৭৯৪৭ | ১৫৩৩৫৩ | ৩২০৫০৩৩৩৮৬ | |
| জানুয়ারি ২০২২ | ৭৯৪৭ | ১৫২৯৬৩ | ৩২০০৫৩৭৩৭৮ | |
| ফেব্রুয়ারি২০২২ | ৭৯৪৭ | ১৫৩৮৩৩ | ৩১৯৯৯৩২৭১৬ | |
| মার্চ ২০২২ | ৭৯৪৮ | ১৫৫০৭৩ | ৩২৪২৪৮৬০৩২ | ১৪৪৩৬৬৩৪০৬ |
| এপ্রিল ২০২২ | ৭৯৪৭ | ১৫৯০১২ | ৩২৭৮৫৪৪০৮৪ | |
| মে ২০২২ | ৭৯৪৮ | ১৬০৬৯৯ | ৩৩০৫৬৮৫৬৮৮ | |
| জুন ২০২১ | ৭৯৪৮ | ১৬১০১৬ | ৩৩১৫০৭৪০০০ | ৮৫০৭৪৬৬৮৩ |









## এনরোলমেন্ট সংক্রান্ত তথ্য:

| মাদ্রাসার ধরন | ব্যবস্থাপনা | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক | | | এনরোলমেন্ট | | | টিএসআর | এসপিআই | টিপিআই |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | মহিলা | মহিলা % | মোট | ছাত্রী | ছাত্রী % | | | |
| দাখিল | ব্যক্তিগত | ৬৫৭৫ | ৬৬৯৪১ | ১১৩৭৫ | ১৬.৯৯ | ১৩৭৬৫০১ | ৮৩২৩৪৭ | ৬০.৪৭ | ২০.৫৬ | ২০৯ | ১০ |
| | উপ মোট | ৬৫৭৫ | ৬৬৯৪১ | ১১৩৭৫ | ১৬.৯৯ | ১৩৭৬৫০১ | ৮৩২৩৪৭ | ৬০.৪৭ | ২০.৫৬ | ২০৯ | ১০ |
| আলিম | ব্যক্তিগত | ১৩৮৫ | ২০৭৮৭ | ৩৫১২ | ১৬.৯০ | ৪৪০০২৮ | ২৪৭৭২৬ | ৫৬.৩০ | ২১.১৭ | ৩১৮ | ১৫ |
| | উপ মোট | ১৩৮৫ | ২০৭৮৭ | ৩৫১২ | ১৬.৯০ | ৪৪০০২৮ | ২৪৭৭২৬ | ৫৬.৩০ | ২১.১৭ | ৩১৮ | ১৫ |
| ফাজিল | ব্যক্তিগত | ১০৮৯ | ১৯১৮৭ | ৩১৮৫ | ১৬.৬০ | ৪৮৬০৪৮ | ২৪৬৮০৫ | ৫০.৭৮ | ২৫.৩৩ | ৪৪৬ | ১৮ |
| | উপ মোট | ১০৮৯ | ১৯১৮৭ | ৩১৮৫ | ১৬.৬০ | ৪৮৬০৪৮ | ২৪৬৮০৫ | ৫০.৭৮ | ২৫.৩৩ | ৪৪৬ | ১৮ |
| কামিল | সাধারণ | ৩ | ৮০ | ৬ | ৭.৫০ | ৪৫৭৮ | ৫২৪ | ১১.৪৫ | ৫৭.২৩ | ১৫২৬ | ২৭ |
| | ব্যক্তিগত | ২৫৩ | ৫৬৯৬ | ১০১২ | ১৭.৭৭ | ২৪৬২৮৪ | ৮৩২৯৫ | ৩৩.৮২ | ৪৩.২৪ | ৯৭৩ | ২৩ |
| | উপ মোট | ২৫৬ | ৫৭৭৬ | ১০১৮ | ১৭.৬২ | ২৫০৮৬২ | ৮৩৮১৯ | ৩৩.৪১ | ৪৩.৪৩ | ৯৮০ | ২৩ |
| মোট | সাধারণ | ৩ | ৮০ | ৬ | ৭.৫০ | ৪৫৭৮ | ৫২৪ | ১১.৪৫ | ৫৭.২৩ | ১৫২৬ | ২৭ |
| | ব্যক্তিগত | ৯৩০২ | ১১২৬১১ | ১৯০৮৪ | ১৬.৯৫ | ২৫৪৮৮৬১ | ১৪১০১৭৩ | ৫৫.৩৩ | ২২.৬৩ | ২৭৪ | ১২ |
| | **মোট** | **৯৩০৫** | **১১২৬৯১** | **১৯০৯০** | **১৬.৯৪** | **২৫৫৩৪৩৯** | **১৪১০৬৯৭** | **৫৫.২৫** | **২২.৬৬** | **২৭৪** | **১২** |




| মাদ্রাসার ধরন | মাদ্রাসার সংখ্যা | এনরোলমেন্ট | | | শিক্ষক | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | ছাত্রী | ছাত্রী % | মোট | মহিলা | মহিলা % |
| ইবতেদায়িতে সংযুক্ত | ৯৩০৩ | ১৩৬১৬৯৪ | ৬৯২৮৭৫ | ৫০.৮৮ | ২৮১৫৬ | ৪৭৭০ | ১৬.৯৪ |
| স্বাধীন ইবতেদায়ি | ৫৯১০ | ৪৩৮২২৬ | ২১৮০৪৭ | ৪৯.৭৬ | ২৭১৭১ | ৭০০৮ | ২৫.৭৯ |
| কওমি মাদ্রাসা | ১৩৯০২ | ১৩৯৮২৫২ | ৩৩৯৬১৬ | ২৪.২৮ | ৭৩৭৩১ | ৬৮২৯ | ৯.২৬ |



## **মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের** সামাজিক নিরাপত্তা কর্মসূচি:

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের ২০২০-২০২১ অর্থবছরে গৃহিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি:

| **ক্রমিক** | **সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন** | **প্রতিবেদনাধীন অর্থবছর (২০২০-২১)** | |
|---|---|---|---|
| | | **সুবিধাভোগী/ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা** | **আর্থিক সংশ্লেষ (লক্ষটাকা)** |
| ১. | এবতেদায়ী, জেডিসি, দাখিল, আলিম, ফাযিল, বিএমএড পেশাগত উপবৃত্তি | ৯২,৮৮২ জন | ১৭০৩.২২ |

### মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রকল্পসমূহ:

| **ক্র:** | **প্রকল্পের নাম** |
|---|---|
| ০১ | এবতেদায়ি পর্যায়ে শিক্ষার্থী ঝড়ে পড়া রোধে উপবৃত্তি প্রদান |
| ০২ | এবতেদায়ী মাদরাসা শিক্ষার্থী ফিডিং প্রকল্প |
| ০৩ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) এর সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়ন |
| ০৪ | বিভাগীয় পর্যায়ে কারিগরি মাদ্রাসা স্থাপন |
| ০৫ | ৮টি আঞ্চলিক মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন |
| ০৬ | এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন |
| ০৭ | বিজ্ঞান ল্যাব ও ল্যাঞ্জুয়েজ ল্যাবসহ ১০০টি মাদরাসায় ভৌত অবকাঠামো উন্নয়ন |
| ০৮ | স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার উন্নয়ন |

## **অডিট: বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানের বিগত তিন বছরের (২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের) অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য:**

| **ক্রমিক নং** | **বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান** | **৩ বছরে আগত মোট অডিট আপত্তি** | **৩ বছরে মোট নিষ্পত্তিকৃত অডিট আপত্তি** |
|---|---|---|---|
| ০২. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৮ | ০৪ |
| ০৬. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, (BMTTI) গাজীপুর | ০২ | ০০ |

## মামলা সংক্রান্ত তথ্য:

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানের বিগত তিন বছরের (২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের) মামলা আপত্তি ও নিষ্পত্তির তথ্য:

| দপ্তর-সংস্থার নাম | ২০১৯-২০২০ দায়েরকৃত সংখ্যা | ২০১৯-২০২০ নিষ্পত্তিকৃত সংখ্যা | ২০২০-২০২১ দায়েরকৃত সংখ্যা | ২০২০-২০২১ নিষ্পত্তিকৃত সংখ্যা | ২০২১-২০২২ দায়েরকৃত সংখ্যা | ২০২১-২০২২ নিষ্পত্তিকৃত সংখ্যা | মোট দায়ের | মোট নিষ্পত্তি |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১৭১ | ৪৯ | ২০৬ | ৬১ | ১৭৮ | ৯২ | **৫৫৫** | **২০২** |

## আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন, সংশোধন/পরিমার্জন

২০২০-২০২১ অর্থবছরের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা নিম্নোক্ত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

### মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ প্রণয়ন

মাদ্রাসা শিক্ষা পাঠ্যক্রম বাস্তবায়নে এবং প্রশাসিনক বিষয়াদি তদারকির জন্য ২০১৫ সালের মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কোন নিয়োগ বিধিমালা না থাকায় প্রয়োজনীয় দক্ষ জনবল নিয়োগ করা সম্ভব হয়নি। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ প্রণয়ন করা হয়। ইতোমধ্যে উক্ত নিয়োগ বিধিমালার আলোকে মাদ্রাসা অধিদপ্তরে রাজস্ব খাতভুক্ত ১০টি শূন্য পদে জনবল নিয়োগ করা হয়েছে।

### বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট নিয়োগ বিধিমালা, ২০২১ প্রণয়ন

১৯৯৫ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) দেশের সকল মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণদানের একমাত্র প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানে প্রয়োজনীয় দক্ষ জনবল না থাকায় "বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৪" সংশোধনপূর্বক "বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট নিয়োগ বিধিমালা, ২০২১" প্রণয়ন করা হয় এবং ইতোমধ্যে ০৩টি শূন্য পদে জনবল নিয়োগ করা হয়েছে।